

স্বরচিত কবিতা

ভোরের পাখি



দুলাল হালদার

ভোরের পাখি- তুমি উঠ সবার প্রথম জেগে,

জনমানবদের দাও তুমি ডেকে।

ভোরের পাখি- তুমি বৃক্ষলতাকে সাড়া জাগাও,

তাদের জাগাতেই তুমি তৃপ্তি পাও।

ভোরের পাখি- তোমার দলের মুগ্ধ স্বর দিয়ে,

হাজার মানুষের দাও প্রাণ ভরিয়ে।

ভোরের পাখি- তোমার সাড়াতেই সবাই জেগে,

আনন্দে মেতে উঠে তাদের কাজে।

ভোরের পাখি- তোমার কণ্ঠের মধুর শব্দে,

বেঁধে নাও তুমি মায়ার আবন্ধে।

রচনায় -দুলাল হালদার

সহকারি শিক্ষক

কুমনা সরকারি প্রাথমিক বিদ্যালয়

ছাতক, সুনামগঞ্জ।

Email: dhalder785@gmail.com

